

**শিক্ষা ক্ষেত্রে দলীয়করণ রোধে
ইউনেকো-র সাহায্য চেয়েছে**

শিক্ষক সমিতি ফেডারেশন
বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বেসরকারী
শিক্ষক কর্মচারীদের হয়রানি, নির্যাতন ও
শিক্ষা প্রতিষ্ঠানে দলীয়করণ বন্ধের বিভিন্ন
বিষয়ে সহায়তা চেয়ে বাংলাদেশ শিক্ষক
সমিতি ফেডারেশন ইউনেকো-র বারাক্ষর
স্বারকলিপি দিয়েছে। ফেডারেশনের
মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের
নেতৃত্বে একটি প্রতিনিধি দল সোমবার
বাংলাদেশের ইউনেকো প্রতিনিধি মি.
ওলফং জলম্যানের মাধ্যমে এই

স্বারকলিপি দেন। স্বারকলিপিতে বলা হয়,
ইউনেকো-আইএলও সুপারিশমালার ১৬টি
ধারা লক্ষ্যন করে শিক্ষা মন্ত্রণালয় যেভাবে
একের পর এক শিক্ষার মান উন্নয়নের
পরিণতী পদক্ষেপ ও আন্তর্জাতিকভাবে
স্বীকৃত শিক্ষকদের অধিকার হরণ করছে
তা খুবই উদ্ভাবন।
স্বারকলিপিতে ইউনেকোর কাছে এসব
বিষয়ের প্রতিকার চাওয়া হয়েছে।
স্বারকলিপি দেয়ার সময় প্রতিনিধি দলের
মধ্যে আরও ছিলেন শিক্ষক নেতা মোঃ
আজিজুল ইসলাম, বান মোশারফ
হোসেন, অধ্যাপক আসাদুল হক, অধ্যাপক
এমএ বারী।